গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৫/২০১৯-২০২০
ঢাকা, ৮ আগস্ট বৃহস্পতিবার ২০১৯, ২৪ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে ভুটানী রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ
২। যুক্তরাজ্যে সরকারি সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ
৩। দু'চার দিনের মধ্যে মশা নিধনে কার্যকর ওষুধ আসছে : সেতুমন্ত্রী
৪। ডেঙ্গু মোকাবিলায় ঢাকার দুই সিটি কর্পোরেশনকে ১৫ কোটি টাকা বরাদ্দ : স্থানীয় সরকার মন্ত্রী
৫। মশা জন্ম না নিলে ডেঙ্গু রোগীর সংখ্যা কমে যাবে : বৈজ্ঞানিক সেমিনারে স্বাস্থ্যমন্ত্রী
৬। ডেঙ্গু নিয়ে সচেতনতার বিকল্প নেই : ডিএসসিসি মেয়র
৭। মশা নিধনে আজ থেকে নতুন ওষুধ ব্যবহার : ডিএনসিসি মেয়র
৮। ঈদে ডেঙ্গু রোগীর সেবায় মাঠ পর্যায়ে মনিটরিং থাকবে : স্বাস্থ্য অধিদপ্তর
৯। দিল্লীতে বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক : সীমান্ত ব্যবস্থাপনা কার্যকরে ঐকমত্য
১০। বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৯তম জন্মবার্ষিকী আজ
১১। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে : বঙ্গমাতার জন্মবার্ষিকীতে আয়োজিত অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
১২। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে পারলে দেশ কলঙ্কমুক্ত হবে : আইনমন্ত্রী
১৩। অনুমোদন ছাড়াই পণ্য আমদানি করতে পারবে টিসিবি : ক্রয় কমিটিতে প্রস্তাব অনুমোদন
১৪। চলতি অর্থবছরে ৫৪ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা ঘোষণা
১৫। বিদেশে কর্মী প্রেরণের নামে প্রতারণার বিরুদ্ধে কঠোর অবস্থানে সরকার : প্রবাসী কল্যাণমন্ত্রী
১৬। জাতীয় ঈদগাহে ঈদুল আযহার প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়
১৭। রাজধানীর পশুরহাটের নিকটবর্তী ব্যাংক ঈদের আগের তিন দিন রাত ৮টা পর্যন্ত খোলা রাখার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

১। **রাষ্ট্রপতির সঙ্গে ভুটানী রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ**

ঢাকায় নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত সোনাম তোবদেন রাবগিয়ে গতকাল (৭ আগস্ট বুধবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতি বৈঠকে দু'দেশের মধ্যে বাণিজ্য সম্প্রসারণ এবং দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। এ সময় রাষ্ট্রপতি বাংলাদেশ ও ভুটানের ব্যবসায়ী এবং বিনিয়োগকারীদের মধ্যে সফর বিনিময়ের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি বাংলাদেশ এবং ভুটানের মধ্যকার ঘনিষ্ঠ সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, দু'দেশের মধ্যকার সম্পর্ক অত্যন্ত চমৎকার। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়ে দু'দেশের মধ্যে এ বন্ধুত্বপূর্ণ সম্পর্কের শুভ সূচনা হয়। রাষ্ট্রপতি **১৯৭১** সালে মহান মুক্তিযুদ্ধের পর একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে প্রথম স্বীকৃতিদানকারী দেশ হিসেবে ভুটান সরকার এবং সে দেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

২। **যুক্তরাজ্যে সরকারি সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফিরছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যে তাঁর সরকারি সফর শেষে আজ বৃহস্পতিবার দেশে ফিরছেন। লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি ভিভিআইপি ফ্লাইটে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় গতকাল (৭ আগস্ট বুধবার) বিকাল ৬টা ২০ মিনিটে লন্ডন ত্যাগ করেছেন। ফ্লাইটটি আজ ৮ জুলাই বৃহস্পতিবার সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।।

৩। **দু'চার দিনের মধ্যে মশা নিধনে কার্যকর ওষুধ আসছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মশা নিধনে কার্যকর ওষুধ আমদানির প্রক্রিয়া দ্রুতগতিতে এগিয়ে চলছে। দুই-চার দিনের মধ্যে ওষুধ ঢাকায় এসে পৌঁছাবে। গতকাল (৭ আগস্ট বুধবার) রাজধানীর মিরপুর মাজার রোডে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগ আয়োজিত চলমান পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রমের শুরুতে আয়োজিত সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।।

৪। **ডেঙ্গু মোকাবিলায় ঢাকার দুই সিটি কর্পোরেশনকে ১৫ কোটি টাকা বরাদ্দ : স্থানীয় সরকার মন্ত্রী**

ডেঙ্গু মোকাবিলায় ঢাকার দুই সিটি কর্পোরেশনকে ১৫ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। গতকাল (৭ আগস্ট বুধবার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরামের (বিসিজেএফ) নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, ঢাকার দুই সিটি কর্পোরেশনকে সাড়ে সাত কোটি টাকা করে থোক বরাদ্দ হিসাবে দিয়েছি, যাতে ডেঙ্গু মোকাবিলায় তারা আর্থিক ব্যয় করতে পারে। তেমনিভাবে অন্য সিটি কর্পোরেশগুলোর জন্যও টাকা বরাদ্দ করা হয়েছে। সব মিলিয়ে সিটি কর্পোরেশনগুলোকে ২১ কোটি টাকা এবং পৌরসভাগুলোকে ৩০ কোটি টাকা বরাদ্দ দিয়েছি। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৫), **বণিকবার্তা** (শেষ পৃ,ক.৫)।

৫। **মশা জন্ম না নিলে ডেঙ্গু রোগীর সংখ্যা কমে যাবে : বৈজ্ঞানিক সেমিনারে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ডেঙ্গু নিয়ে আর ব্লেইম গেম নয়। ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ছে। মশা জন্ম না নিলে ডেঙ্গু রোগীর সংখ্যা কমে যাবে। গতকাল (৭ আগস্ট বুধবার) রাজধানীর মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতালে এক বৈজ্ঞানিক সেমিনারে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সিটি করপোরেশন তো আর বাসার ভেতরে গিয়ে মশা মারার জন্য স্প্রে করতে পারবে না। কিন্তু যেখানে পানি জমে থাকে সেখানে স্প্রে করা প্রয়োজন। এজন্য নাগরিকদের সচেতন হতে হবে। সূত্র **: সমকাল (পৃ.১৯,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৫), এশিয়ান এজ, (শেষ পৃ,ক.২)।**

৬। **ডেঙ্গু নিয়ে সচেতনতার বিকল্প নেই : ডিএসসিসি মেয়র**

জনগণের সচেতনতা ও সরকারের বিভিন্ন সংস্থার সমন্বিত কার্যক্রমের ফলে দ্রুততম সময়ের মধ্যে দেশের মানুষ ডেঙ্গু থেকে মুক্তি পাবে বলে মন্তব্য করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (৭ আগস্ট বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের সামনে এডিস মশা নিধনে সচেতনতামূলক এক পদযাত্রার উদ্বোধনকালে তিনি এ মন্তব্য করেন। তিনি বলেন, আমি বিশেষভাবে বলতে পারি, আগের যেকোনো সময়ের তুলনায় দেশের মানুষ এখন অনেক বেশি সচেতন। ডেঙ্গু মোকাবিলায় জনগণের সচেতনতার কোনো বিকল্প নেই। **সমকাল (পৃ.৫,ক.২)।**

৭। **মশা নিধনে আজ থেকে নতুন ওষুধ ব্যবহার : ডিএনসিসি মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম বলেছেন, মশক নিধনে আজ থেকে নতুন ওষুধ ব্যবহার করবে ডিএনসিসি। পুরনো ওষুধের পরিবর্তে সম্প্রতি চীন থেকে আনা ওষুধ ব্যবহার করা হবে। এরই মধ্যে ওষুধ মাঠ পর্যায় ও রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষা সম্পন্ন হয়েছে। ভালো ফল পাওয়ায় ওষুধটি ব্যবহারের সিদ্ধান্ত হয়েছে। গতকাল (৭ আগস্ট বুধবার) গুলশানে ডিএনসিসি নগরভবনে সংবাদসম্মেলনে এ কথা বলেন মেয়র। তিনি বলেন, পর্যায়ক্রমে ডিএনসিসির সব ওয়ার্ডে এডাল্টিসাইড হিসেবে (পরিণত মশা নিধনের কীটনাশক) আগে ব্যবহৃত কীটনাশকের পরিবর্তে চীন থেকে আমদানি করা নতুন কীটনাশক ব্যবহার করা হবে। নতুন কীটনাশকের নাম 'মেলাথিয়ন'। ওষুধটি বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্বীকৃতিপ্রাপ্ত। তবে ডেঙ্গু প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার ওপর বেশি গুরুত্বারোপ করেন তিনি। সূত্র : **সমকাল (পৃ.৫,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ,ক.৩), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.৫)।**

৮ । **ঈদে ডেঙ্গু রোগীর সেবায় মাঠ পর্যায়ে মনিটরিং থাকবে : স্বাস্থ্য অধিদপ্তর**

ঈদের ছুটিতে ডেঙ্গু রোগীর চিকিৎসাসেবা নিশ্চিত করতে মাঠ পর্যায়ে সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা চালু থাকার কথা জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সব হাসপাতালে হেল্পডেস্ক খোলা রাখার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (৭ আগস্ট বুধবার) অধিদপ্তরের ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় করণীয় নিয়ে সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। ঈদে গ্রামে যাওয়া মানুষের চিকিৎসা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিক প্রস্তুত রাখা হয়েছে। সব বিমান, নৌ ও স্থলবন্দরে ডেঙ্গু প্রতিরোধে বিশেষ সতর্কতা নেওয়া হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৮)।

৯। **দিল্লীতে বাংলাদেশ-ভারত স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক : সীমান্ত ব্যবস্থাপনা কার্যকরে ঐকমত্য**

বাংলাদেশ ও ভারত চোরাচালান প্রতিরোধ এবং সীমান্ত ব্যবস্থাপনা আরও কার্যকরে একসঙ্গে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল (৭ আগস্ট বুধবার) স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সপ্তম দফা বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল ১৬ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সে দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীকে বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার নাগরিকদের নিরাপদে ও দ্রুত স্বদেশ প্রত্যাবাসনে সহযোগিতার আশ্বাস দেন। বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার নাগরিকদের মানবিক সহযোগিতা প্রদান করায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বাংলাদেশ সরকারের পক্ষ থেকে স্বরাষ্ট্রমন্ত্রী ভারত সরকারকে ধন্যবাদ জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১.ক.৫), **ইত্তেফাক (পৃ.১৯,ক.৮)।**

১০। **বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৯তম জন্মবার্ষিকী আজ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৯তম জন্মবার্ষিকী আজ। ১৯৩০ সালের এ দিনে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে তিনি জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে তিনি জাতির পিতার হত্যাকারীদের হাতে নির্মমভাবে মৃত্যুবরণ করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী জাতীয়ভাবে উদ্‌যাপনের লক্ষে আজ সকাল সাড়ে ৯টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্বে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আলোচনাসভার আয়োজন করা হয়েছে। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি বলেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব বাঙালির অহংকার, নারী সমাজের প্রেরণার উৎস। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশের ইতিহাসে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। দেশ ও জাতির জন্য তার অপরিসীম ত্যাগ, সহযোগিতা ও বিচক্ষণতার কারণে জাতি তাকে যথার্থই 'বঙ্গমাতা' উপাধিতে ভূষিত করেছে। সূত্র : **ইত্তেফাক (শেষ** পৃ,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

১১। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে : বঙ্গমাতার জন্মবার্ষিকীতে আয়োজিত অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ সুশাসনের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে। গ্রাম শহরে পরিণত হচ্ছে। গতকাল (৭ আগস্ট বুধবার) জাতীয় প্রেসক্লাবে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৮৯তম জন্মবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত আলোচনাসভায় তথ্যমন্ত্রী আরও বলেন, দেশের রাজনীতিবিদ, সাংবাদিক, সাহিত্যিক, অভিনয়শিল্পীসহ সব শ্রেণি-পেশার মানুষ যখন ডেঙ্গু নিয়ে জনসচেতনতায় কাজ করছেন, তখন বিএনপি নির্বাচন দাবি করছে। নির্বাচন হবে, তবে সেটি ২০২৪ সালে। সেদিন পর্যন্ত তাদের অপেক্ষা করতে হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। এখন গ্রামে কোনো ছেঁড়া কাপড় পরা লোক দেখা যায় না। একমুঠো ভাত কেউ ভিক্ষা চায় না। সূত্র **সমকাল (পৃ.৩,ক.৫), ইত্তেফাক (পৃ.৩,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১২। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে পারলে দেশ কলঙ্কমুক্ত হবে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের বিচার হলেও বাংলাদেশ এখনো বঙ্গবন্ধুকে হত্যার কলঙ্কমুক্ত হয়নি। তিনি বলেন, বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার কলঙ্ক বাংলাদেশের ঘুচবে না। এ কলঙ্ক তখনই ঘুচবে যখন আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে পারব। গতকাল (৭ আগস্ট বুধবার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে আইন ও বিচার বিভাগের সচিব আবু সালেহ শেখ মো. জহিরুল হকের বিদায় ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.২) **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

১৩। অনুমোদন ছাড়াই পণ্য আমদানি করতে পারবে টিসিবি : ক্রয় কমিটিতে প্রস্তাব অনুমোদন

বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়লে কোনো অনুমোদন ছাড়াই সেসব পণ্য সংগ্রহ করে ন্যায্যমূল্যে বিক্রি করতে পারবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। এ সংক্রান্ত একটি প্রস্তাবের অনুমোদন দিয়েছে অর্থনৈতিক ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (৭ আগস্ট বুধবার) কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে অর্থমন্ত্রী এ বিষয়ে সাংবাদিকদের বলেন, জাতীয়ভাবে আমাদের নিত্যপ্রয়োজনীয় যেসব জিনিস যেমন পেঁয়াজ, রসুন, আদা বা যে কোনো পণ্য যে কোনো সময়ে দাম বেড়ে যেতে পারে। হঠাৎ করে যেসব পণ্যর দাম বাড়বে, সেটা টিসিবি কিনে চাহিদা মেটাতে পারবে। এর জন্য সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের প্রয়োজন হবে না। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল (পৃ.৩,ক.৫)।**

১৪। চলতি অর্থবছরে ৫৪ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা ঘোষণা

চলতি ২০১৯-২০ অর্থবছরে ৫৪ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা ঘোষণা করেছে সরকার। এর মধ্যে পণ্য রপ্তানি ৪৫ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার এবং সেবা রপ্তানি ৮ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার। গতকাল (৭ আগস্ট বুধবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মফিজুল ইসলাম রপ্তানির এ লক্ষ্যমাত্রা ঘোষণা করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **বণিকবার্তা** (শেষ পৃ,ক.২)।

১৫। বিদেশে কর্মী প্রেরণের নামে প্রতারণার বিরুদ্ধে কঠোর অবস্থানে সরকার : প্রবাসী কল্যাণমন্ত্রী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, বৈদেশিক কর্মসংস্থানের নামে প্রতারণার বিরুদ্ধে সরকার কঠোর অবস্থান নিয়েছে। গতকাল (৭ আগস্ট বুধবার) কাকরাইলস্থ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সভাকক্ষে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, শ্রম অভিবাসনের ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের কারণে অভিবাসন ব্যয় বেড়ে যায়। অনেক ক্ষেত্রে যে টাকা খরচ করে বিদেশে যায় দুই-তিন বছর চাকরি করেও সে পরিমাণ টাকা আয় করতে পারে না। সরকার অভিবাসন ব্যয় হ্রাসের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। অভিবাসন ব্যয় কমানোর জন্য অভিবাসন সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসতে হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

১৬। জাতীয় ঈদগাহে ঈদুল আযহার প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়

ঈদুল আযহা উপলক্ষে জাতীয় ঈদগাহ ময়দানে দেশের প্রধান ঈদ জামায়াত সকাল সাড়ে ৮টায় অনুষ্ঠিত হবে। গতকাল (৭ আগস্ট বুধবার) ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে (পৃ.৩,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.২)।**

১৭। রাজধানীর পশুরহাটের নিকটবর্তী ব্যাংক ঈদের আগের তিন দিন রাত ৮টা পর্যন্ত খোলা রাখার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের

রাজধানীর পশুরহাটের আশপাশে অবস্থিত ব্যাংকের শাখাগুলো ঈদের আগে তিন দিন খোলা রাখা ও সান্ধ্যকালীন ব্যাংকিং চালু রাখতে নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। ফলে আগামী শুক্র, শনি ও রোববার কোরবানির হাটের নিকটবর্তী ব্যাংক শাখাগুলো সকাল ১০টা হতে রাত ৮টা পর্যন্ত খোলা রাখতে হবে। গতকাল (৭ আগস্ট বুধবার) একটি প্রজ্ঞাপন জারি করে এ নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সমকাল (পৃ.৫,ক.৫)।**

সম্পাদকীয়

ক. **সমকাল, যুগান্তর :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে ৬৯ শিক্ষার্থী সাময়িক বহিষ্কার হওয়ার কথা উল্লেখ করে এসব জালিয়াতির জন্য দায়ীদের চিহ্নিত করে শাস্তির দাবি।

খ. **যুগান্তর,যায়যায়দিন :** ঈদুল আজহা সামনে রেখে রাজধানীসহ বিভিন্ন শহর থেকে ঘরমুখো মানুষের যাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **বণিকবার্তা :** বন্যায় গবাদিপশু ও পোলট্রি খাতে ক্ষতি হয়েছে ৭০৪ কোটি টাকা উল্লেখ করে বন্যায় ফসলের জন্য ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের সঙ্গে সঙ্গে গবাদিপশু ও মৎস্যচাষিদের পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** ঢাকা মশক নিবারণী দফতরে মশা নিবারণের কোনো কার্যক্রম নেই উল্লেখ করে অবিলম্বে এ প্রতিষ্ঠানটিকে কার্যকর করার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** নির্বাচন কমিশনের স্মার্ট কার্ড মুদ্রণ, সরবরাহ ও বিতরণে দুর্নীতি ও অনিয়মের প্রমাণ পেয়েছে বিশ্বব্যাংক উল্লেখ করে এ কাজে নিয়োজিত কোম্পানির ব্যাপারে যথাযথ তদন্তের ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক কর্তৃক নারী শিক্ষার্থীদের যৌন নির্যাতনের ঘটনার কথা উল্লেখ করে শিক্ষকতার মতো মহান পেশায় নিয়োজিতদের এমন অপকর্মে জড়িত হওয়াকে লজ্জাকর বলে মন্তব্য।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শিশুদের ওপর নির্যাতন বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ডেঙ্গুর ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে সুষ্ঠু নীতিমালা তৈরি করে দ্রুত এ বিষয়ে কার্যকর উদ্যোগ নিতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা